

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২২৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২. ২৩৬

তারিখ: ০২/০৩/২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় এর আওতায় সুফলভোগীদের (পল্লী অঞ্চলের দরিদ্র, অসহায়, সুবিধা বঞ্চিত ও শিক্ষিত বেকার মহিলা) আত্ম-কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে (হাঁস মুরগী পালন, গাভী পালন, গরু মোটাজাকারগণ, মাশরুম চাষ, মৎস্য চাষ, চিংড়ী/কাকড়া চাষ, বিদেশী সবজি চাষ, অপ্রধান শস্য চাষ, স্থানীয় চাহিদা ভিত্তিক অন্যান্য ট্রেড) প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। প্রশিক্ষণসমূহ বিশেষায়িত ও ব্যবহারিক বিধায় দক্ষ প্রশিক্ষক প্রয়োজন। প্রকল্পের ৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণসমূহ সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের স্বার্থে ডিপিপি নির্দেশনা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জেলা পর্যায়ে বিষয় ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে (সংযুক্তি-০১)। ইরেসপো প্রকল্পভুক্ত মনপুরা ও কয়রা উপজেলা ২টি জেলা শহর হতে অনেক দূরবর্তী ও দুর্গম হওয়ায় এ ২টি উপজেলার ক্ষেত্রে জেলা ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল না করে উপজেলা ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল গঠন করা প্রয়োজন। সে আলোকে হাতে-কলমে যথাযথ প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট বিষয়ক অবসরপ্রাপ্ত কর্মকর্তা/দক্ষ প্রশিক্ষক/বাস্তবভিত্তিক অভিজ্ঞতা সম্পন্ন সফল খামারী/কৃষক সমন্বয়ে মনপুরা ও কয়রা উপজেলায় আইজিএ ভিত্তিক প্রশিক্ষক পুল/প্যানেল গঠনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:


ক্রমিক নং	পদবী ও কর্মস্থল	কমিটিতে পদনাম
১	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সংশ্লিষ্ট উপজেলা)	সভাপতি
২	উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা	সদস্য
৩	এআরডিও (ইরেসপো), সংশ্লিষ্ট উপজেলা	সদস্য সচিব

কমিটির টিওআর : স্থানীয়ভাবে প্রচার/বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বিষয় ভিত্তিক প্রাপ্ত প্রশিক্ষকদের মধ্য হতে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে প্রতি ট্রেডে ন্যূনতম ৩ জন করে বিষয় ভিত্তিক ১টি প্রশিক্ষক পুল/প্যানেল গঠন করা।

২। উল্লেখ্য, প্রশিক্ষক পুল/প্যানেলে অন্তর্ভুক্ত প্রশিক্ষকদের জন্য প্রতিটি ৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণে ন্যূনতম ৬ টি সেশন পরিচালনার সুযোগ থাকবে এবং প্রতিটি সেশন পরিচালনার জন্য প্রশিক্ষক ১,১৫০.০০ (আয়করসহ) টাকা ভাতা প্রাপ্য হবেন। এছাড়া তিনি অন্য কোন সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

৩। প্রকল্পের সুষ্ঠু ও সফল বাস্তবায়নের স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্ত: বর্ণনামতে।


  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন ৪০২-৮১৮০১৪৪

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২. ২৩৬

তারিখ: ০২/০৩/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, খুলনা/ভোলা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, বিআরডিবি, কয়রা/মনপুরা, খুলনা/ভোলা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, কয়রা/মনপুরা, খুলনা/ভোলা।
৬. অফিস নথি।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
উপপ্রকল্প পরিচালক